

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের অসুস্থ হয়ে পড়েন অবরুদ্ধ উপাচার্য

নিজের প্রতিবেদক, কুমিল্লা

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আমির হোসেন খান অবরুদ্ধ অবস্থায় গতকাল বুধবার নিজ কার্যালয়ে অসুস্থ হয়ে পড়েন।

শিক্ষক-কর্মকর্তা-কর্মচারী নিয়োগে অনিয়ম, দুর্নীতি ও স্বৈচ্ছাচারিতার অভিযুক্ত ব্যক্তিদের বিচারনয় ১৩ দফা দাবিতে গত মঙ্গলবার থেকে উপাচার্যকে আট ঘন্টা করে অবরুদ্ধ রাখার কর্মসূচি পালন করছে বঙ্গবন্ধু পরিষদ। পূর্বনির্ধারিত কর্মসূচি অনুযায়ী এরপর পৃষ্ঠা ১৪ কলাম ১

অবরুদ্ধ উপাচার্য

শেষ পৃষ্ঠার পর

গতকাল সকাল ১০টায় উপাচার্যের দপ্তরে তাল্লা শেষ বঙ্গবন্ধু পরিষদ।

উপাচার্যের বিরুদ্ধে আন্দোলনে বঙ্গবন্ধু পরিষদের সঙ্গে যুক্ত হয়েছে প্রগতিশীল শিক্ষক জোট। গতকাল বুধবার বিকেলে এ জোটের শিক্ষকেরা উপাচার্যের অনিয়মের বিরুদ্ধে মানববন্ধন করেন।

আন্দোলনরত শিক্ষকেরা জানান, অবরুদ্ধ অবস্থায় বিকেলে উপাচার্য অসুস্থ হয়ে পড়েন। মানবিক দিক বিবেচনা করে আন্দোলনরত শিক্ষকেরা উপাচার্যকে তাঁর বাসভবনে পাঠান। উপাচার্য চলে যাওয়ার পর শিক্ষকেরা প্রশাসনিক ভবনের তৃতীয় তলায় রেজিস্ট্রার দপ্তরে তাল্লা দেন। বিকেল পাঁচটায় শিক্ষকেরা তাল্লা ফুলে দিলে কর্মকর্তারা বেরিয়ে যান।

এদিকে, উপাচার্যের বিরুদ্ধে আন্দোলনে বঙ্গবন্ধু পরিষদের সঙ্গে যুক্ত হয়েছে প্রগতিশীল শিক্ষক জোট। এ জোটের ব্যানারে শিক্ষকদের হাড্ডি একটি অংশ বেলা আড়াইটায় বিশ্ববিদ্যালয়ের প্রধান ভটিকে মানববন্ধন করে। তাঁরা বিশ্ববিদ্যালয়ের সব অনিয়ম, দুর্নীতি ও নিয়োগ-বাণিজ্য বন্ধের দাবি জানান। প্রগতিশীল শিক্ষক জোটের মুখপাত্র ও রসায়ন বিভাগের প্রধান মোহাম্মদ সৈয়দুর রহমান বলেন, বিশ্ববিদ্যালয়ের নানা অনিয়ম ও দুর্নীতির বিরুদ্ধে দীর্ঘদিন থেকেই জামরা সোচ্চার রয়েছি।